

বিষয়ঃ “দুর্নীতি দমনে নাগরিকদের ভূমিকা”

তারিখ : ২৫.০৫.২০২৪ ইং, শনিবার, সকাল ১০.০০ টা

স্থান : তফাজ্জল হোসেন মানিক মিয়া হল, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা।

=====

দুর্নীতি দমন কমিশন (দুদক) স্বাধীন ও কার্যকরীভাবে কার্যক্রম পরিচালনা করছে কিনা সে বিষয় জনগন নিশ্চিত নয়, তবে শুরু থেকেই নানা প্রতিবন্ধকতা মোকাবেলা করে আসছে দুদক, সেটাও প্রতীয়মান হচ্ছে। সুতরাং দুদকের গ্রহণযোগ্যতা নিশ্চিত করতে কতিপয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন বলে মনে করছে মানবাধিকার ও পরিবেশবাদী সংগঠন “হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ(HRPB)”। দুর্নীতি দমনে দুদককে আরও গতিশীল ও নির্ভরযোগ্য প্রতিষ্ঠানে পরিনত করার লক্ষ্যে নিম্নোক্ত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য এইচআরপিবি এর পক্ষ হতে অনুরোধ করা হল:

সুপারিশসমূহ:

- ১) কমিশনের সদস্য সংখ্যা ৭ জন ও কর্মরত লোকবল এর সংখ্যা ৩ গুণ বৃদ্ধি করার জন্য আইনের প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২) দুদকের চেয়ারম্যান, কমিশনার ও কর্মকর্তাদের নির্দলীয় মনোভাব, সাহসী ব্যক্তিত্ব এবং দুর্নীতি দমনে অংগীকারবদ্ধ থেকে দুর্নীতি দমনে ভূমিকা রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩) দলমত, পেশা, এলাকা এবং ব্যাক্তি পরিচিতির উর্ধে উঠে দুর্নীতিবাজদের বিরুদ্ধে সমানভাবে আইন প্রয়োগ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৪) দুদকের প্রত্যেক মামলা তদন্তের ক্ষেত্রে দুদকের আইন ও বিধি সুনির্দিষ্টভাবে অনুসরণ করতে হবে, ব্যত্যয় ঘটলে কমিশন কর্তৃক তদন্ত কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫) উচ্চপদস্থ ও প্রভাবশালীদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ হলে সেক্ষেত্রে অনুসন্ধান, তদন্ত দ্রুত সময় শেষ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত অনুসন্ধান বা তদন্ত মনিটরিং করার জন্য উপরন্ত কর্মকর্তাদের সমন্বয়ে টিম গঠন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬) দুদকে ডেপুটেশনে পদায়নের ক্ষেত্রে তাদের চাকুরি দুদকে ন্যাস্ত করার বিধান করতে হবে। দুদকে চাকুরির অবস্থায় তাদের বিরুদ্ধে আভিযোগ, তদন্ত ও শাস্তি, দুদক আইনে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৭) দুদকে কর্মরত সকলের সম্পদের হিসাব ২ বছর পরপর জনগনকে অবহিত করার জন্য দুদকের ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৮) বিভিন্ন রিপোর্টে বিচার বিভাগের দুর্নীতির বিষয়ে বলা হচ্ছে, বিচার বিভাগের ভাবমূর্তি রক্ষার জন্য সেসব রিপোর্ট সম্পর্কে দুদককে তদন্ত করার কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ৯) দুদকে কর্মরত যে সকল ব্যক্তির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আসবে তাদের বিষয় দুদকের তদন্তের পাশাপাশি গোয়েন্দা তথ্য পাওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তৎক্ষনিক তদন্ত থেকে বিরত রাখা নিশ্চিত করতে হবে।
- ১০) দুদকে কর্মরত যে কোন ব্যক্তির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আসলে অধিক গুরুত্ব সহকারে তদন্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ১১) টেলিফোন ও প্রিন্ট মিডিয়ায় প্রচারিত অনুসন্ধানি রিপোর্ট প্রচারিত হলে সেসব বিষয় দুদককে সরাসরি অনুসন্ধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
- ১২) দুদকে মামলা দায়েরের পর আসামিকে রিমান্ডে এনে জিজ্ঞাসাবাদের বিধান অন্তর্ভুক্ত করে আইন সংশোধন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
- ১৩) দ্রুত সময়ে মামলার অনুসন্ধান ও তদন্ত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং যারা তা করতে পারবেন তাদেরকে পুরস্কৃত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
- ১৪) কোটি টাকার উপরে দুর্নীতির অভিযোগ সংক্রান্ত মামলার তদন্ত কর্মকর্তার উপরে গোয়েন্দা নজরদারির ব্যবস্থা গ্রহণ করতে হবে, যাতে সে প্রভাবিত না হতে পারে ।
- ১৫) বিভিন্ন আদালতে মামলা পরিচালনার জন্য অধিক সংখ্যক দক্ষ আইনজীবি নিয়োগ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কোন আইনজীবি আসামি পক্ষ থেকে প্রভাবিত হলে তার বিরুদ্ধে যথাযথ শাস্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে ।
- ১৬) জাতীয় ও স্থানীয় পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরতদের মধ্য থেকে দুর্নীতিমুক্ত ব্যক্তিদের খুজে বের করে পুরস্কার ও সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
- ১৭) যে সকল অনুসন্ধান, তদন্ত ১ বছরের মধ্যে শেষ হচ্ছে না সেগুলি তালিকাভুক্ত করে কমিশনের তত্ত্বাবধানে দ্রুত শেষ করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
- ১৮) বিদেশে অর্থ পাচার বা ব্যাংকের অর্থ আত্মসাং এর সাথে জড়িতদের তথ্য দুদকের নিকট আসলে বা মিডিয়ায় প্রকাশিত হলে কমিশনকে গুরুত্ব সহকারে ব্যবস্থা নিতে হবে এবং তাদের ভ্রমন, গাড়ি ব্যবহার, ব্যাংক এর লেনদেন বন্ধ রাখার জন্য প্রয়োজনীয় আইনি বিধান সংযোজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
- ১৯) ইতিপূর্বে অনেক দুর্নীতিবাজদের বিরুদ্ধে সঠিকভাবে অনুসন্ধান না করায় ঢালাওভাবে অব্যাহতি পেয়েছেন এবং এ বিষয় মিডিয়াও সংবাদ প্রকাশিত হয়েছে । মিডিয়ার তথ্য বিবেচনায় নিয়ে অব্যাহতিপ্রাপ্ত উচ্চপদস্থ ও প্রভাবশালীদের বিষয় নথি পুনরায় অনুসন্ধান এর আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

ধন্যবাদান্তে-

এডভোকেট মনজিল মোরসেদ
প্রেসিডেন্ট, হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ(HRPB)
৩৬ মিরপুর রোড, বসুন্ধরা গলি
পোঁঃ নিউমার্কেট, ঢাকা ।
ফোন-০১৭১১৪০৮৫০৬